# মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।

সংস্থাপন মন্ত্রণালয়
পরিবহন শাখা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্থাপন মন্ত্রণালয়
### পরিবহন শাখা

নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০)

তারিখ ঃ ২৮ বৈশাখ, ১৪০৬
১১ মে, ১৯৯৯

### অফিস স্মারক

বিষয় ঃ **মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।**

অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালায় মোটরযানসহ নৌযান ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের বিষয় উল্লেখ থাকিলেও এতদসংক্রান্ত বিদ্যমান নীতিমালাটি পূর্ণাঙ্গ নয়। পূর্বে কম্পিউটারের প্রচলন ছিল না বিধায় তাহা বিদ্যমান নীতিমালায় তখন অন্তর্ভুক্ত হয় নাই। বর্তমানে দেশে কম্পিউটারের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সরকারী খাতের কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হইয়াছে।

০২। উপরি-উক্ত অবস্থার প্রেক্ষিতে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং উহাদের আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির জন্য একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হইল।

০৩। এই সংক্রান্ত বিগত ২৩-০৬-১৯৮৭ তারিখের সম/পরি/১পি-৪/৮৫-৩৭৫ ও ১৩-১২-১৯৮৩ তারিখের এম ই আর (টিআর) ১পি-৬/৮৩-৮৪৩ সংখ্যক নীতিমালা এবং ২৮-০৫-১৯৮৬ তারিখের এম ই (টিআর)১এল-৫/৮৫-৩১০(৫০) ও ০৪-০৮-১৯৮৫ তারিখের এম ই (টিআর)১পি-৪/৮৫-৪৩৬(১০০) সংখ্যক পত্র এতদ্বারা বাতিল করা হইল।

০৪। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

(ডঃ শাহ্ মোহাম্মদ ফরিদ)
সচিব
সংস্থাপন মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সচিব, ................................................................ (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
তাঁহার আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্ব শাসিত সংস্থাকে এই নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সদয় নির্দেশ দানের জন্য অনুরোধ করা হইল।

০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

০৪। চেয়ারম্যান, বিআইডব্লিউ টিসি/বিআইডব্লিউ টি এ।

০৫। পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, ঢাকা।

০৬। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

০৭। চেয়ারম্যান, বিআরটিএ।

০৮। মহা-পরিচালক, বিটাক।

## মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা

অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালায় মোটরযানসহ নৌযান ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের বিষয় উল্লেখ থাকিলেও এতদসংক্রান্ত বিদ্যমান নীতিমালাটি পূর্ণাংগ নয়। পূর্বে কম্পিউটারের প্রচলন ছিল না বিধায় তাহা বিদ্যমান নীতিমালায় তখন অন্তর্ভুক্ত হয় নাই। বর্তমানে দেশে কম্পিউটারের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সরকারী খাতের কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। তাই এতদ্‌বিষয়ে নিম্নোক্তরূপে একটি পুর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হইল ঃ

২। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে পূনর্গঠিত করা হইল ঃ

| | | |
|---|---|---|
| (ক) | যুগ্ম-সচিবের নিম্নে নয় এমন একজন কর্মকর্তা .. | সভাপতি |
| (খ) | মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্ধ্বতন প্রকৌশলী .. অথবা সরকারী যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা। | সদস্য |
| (গ) | নৌযানের ব্যাপারে অভিজ্ঞ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন সংস্থার একজন উর্ধ্বতন প্রকৌশলী অথবা সরকারী যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ)-এর কার্যালয়ের একজন উপযুক্ত কর্মকর্তা। | " |
| (ঘ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | " |
| (ঙ) | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) অথবা বিটাক-এর একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্রপ্রকৌশলী) | " |
| (চ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি, আর, টি, এ)-এর একজন উপযুক্ত প্রতিনিধি। | " |
| (ছ) | সংশ্লিষ্ট মালিকানা দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | " |
| (জ) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা দপ্তরের উপ-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা .. | সদস্য-সচিব |

৩। এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য সহযোজন করিতে পারিবে।

৪। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ কাজের প্রয়োজনে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম/পদবী উল্লেখপূর্বক কমিটি গঠন করিবে। কমিটি কাজের প্রকৃতির বিভিন্নতায় নিম্নরূপভাবে কাজ করিবে ঃ

৪.১ মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ), (চ) ও (ছ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.২ নৌযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনুচ্ছেদের (গ) ও (ছ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.৩ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনুচ্ছেদের (ঘ) ও (ছ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.৪ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনুচ্ছেদের (ঙ) ও (ছ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকিবেন।

৫। অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহবান করিবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করিয়া কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করিবেন। সংশ্লিষ্ট মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির মালিকানা দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে ঐগুলির উপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য স্বীয় মন্ত্রণালয়/বিভাগীয় প্রধানের নিকট পেশ করিবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণের জন্য সুপারিশ করিতে পারিবে।

৬। অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করিলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি প্রত্যক্ষ পরিদর্শন করিতে পারিবে।

৭। স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এই নীতিমালার আলোকে তাহাদের নিজস্ব নীতিমালা প্রণয়নপূর্বক নিজ নিজ পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি সংক্রান্ত কার্যাদি সম্পাদন করিবে এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবে।

৮। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকিবে ঃ

৮.১ সকল প্রকার মোটরযান যেমন–কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল ইত্যাদি।

৮.২ সকল প্রকার নৌযান যেমন–লঞ্চ, কেবিন ক্রুজার, রেসকিউ বোট, স্পীডবোট ইত্যাদি, ইহাদের হাল বডি অথবা ইঞ্জিন।

৮.৩ কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.৪ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন–টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার ইত্যাদি।

মোটরযান, নৌযান, কম্পিউটার বা অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে ঃ

## ৯। মোটরযান ঃ

### ৯.১ মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী ঃ

৯.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত মোটরযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)-এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে। এই পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বি,আর,টি,এ ঢাকা-এর নিকট প্রেরণ করিবে।

৯.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হইলে বা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক বিবেচিত হইলে সেই মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)-এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তরে প্রতিবেদন প্রেরণ করিবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৯.১.৩ মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর বি,আর,টি,এ-এর প্রতিবেদন প্রাপ্তির পর তাহা সংযুক্ত করিয়া মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজ পত্র সহ) স্বীয় মন্ত্রণালয়/ বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

### ৯.২। মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক ঃ

৯.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালান অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ মোটরযান।

৯.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ মোটরযান।

৯.২.৩ মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হইবে এইরূপ মোটরযান।

৯.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরূপ মোটরযান।

৯.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ মোটরযান।

৯.৩। অকেজো ঘোষিত মোটরযান নিস্পত্তি প্রক্রিয়া ঃ

৯.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর মালিকানা দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ২টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর মালিকানা দপ্তরের দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

৯.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকানা দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

১০। নৌযান ঃ

১০.১। নৌযান অকেজো ঘোষণা করার জন্য অনুসৃত বিষয়াবলী ঃ

১০.১.১। মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত নৌযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর নির্ধারিত ছকে (পরিশিষ্ট খ-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা সরকারী যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ)-এর কার্যালয়ে প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে।

১০.১.২ সরকারী যানবাহন অধিদপ্তরের পরিচালক (নৌ)-এর কার্যালয়ের পরিদর্শক/তদূর্ধ কারিগরি কর্মকর্তা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে সরেজমিনে নৌযানটি পরিদর্শন করিবেন এবং নৌযান মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে নির্ধারিত ছকে (পরিশিষ্ট খ-২) কারিগরি প্রতিবেদন প্রণয়নপূর্বক উর্দ্ধতন কর্মকর্তার প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তরে/ব্যবহারকারী দপ্তরে প্রেরণ করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে।

১০.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর প্রয়োজনীয় কাগজপত্রসহ উহা স্বীয় মন্ত্রণালয়/বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

১০.১.৪ নৌযানের ক্ষেত্রে ইঞ্জিন বা নৌযানের হালবডি অকেজো ঘোষণা করা যাইবে।

১০.২। <u>নৌযান অকেজো ঘোষণার নির্ণায়ক ঃ</u>

১০.২.১ ঘন ঘন মেরামত করিতে হয় এবং পরিচালনা ব্যয় অলাভজনক হয় এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

১০.২.২ দীর্ঘকাল চলার পর মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারের উপযোগী করিতে যে সমস্ত নৌযান/হালবডি/ইঞ্জিন অনুরূপ নতুন একটির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হয়।

১০.২.৩ সাধারণ ক্ষয়-ক্ষতির কারণে যখন নৌযানের হালবডির ন্যূনতম ৬০% লোহার প্লেট/এ্যাংগেল ইত্যাদি বদলী করিতে হয় এইরূপ হালবডি।

১০.২.৪ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন দুর্ঘটনায় পড়িয়া বা প্রাকৃতিক দুর্যোগে ডুবিয়া গেলে বা উহার অবকাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া যাওয়ার কারণে একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়া যায় অথবা উহা পুনরায় উদ্ধার করিতে অথবা মেরামত করিতে অনুরূপ একটি নতুন নৌযানের বর্তমান মূল্যের ৭৫% এর বেশী ব্যয় হওয়ার সম্ভাবনা থাকে এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

১০.২.৫ কোন বড় ধরণের ত্রুটির জন্য কর্মক্ষমতা হ্রাস পাইয়াছে এবং নদীতে চালানো ঝুঁকিপূর্ণ বা নিরাপদ নয় এইরূপ নৌযান/হালবডি/ইঞ্জিন।

১০.২.৬ ইঞ্জিনের জ্বালানী খরচ মাত্রাতিরিক্ত বেশী হওয়ার কারণে ইঞ্জিন চালানো ব্যয়বহুল হয় এইরূপ ইঞ্জিন।

১০.২.৭ মডেল পরিবর্তনের দরুণ ইঞ্জিনের উৎপাদন ও সরবরাহ বন্ধ বা অনিয়মিত থাকায় বাজারে নতুন যন্ত্রাংশের দুস্প্রাপ্যতা দেখা দেয় এইরূপ ইঞ্জিন।

১০.৩। <u>অকেজো ঘোষিত নৌযান নিস্পত্তির প্রক্রিয়া ঃ</u>

১০.৩.১ কোন নৌযান/হালবডি/ইঞ্জিন চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর মালিকানা দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং স্থানীয়ভাবে ১টি দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করিবে। অকেজো ঘোষণার পর যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সীল্ড টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা যাইবে। দরপত্র সিডিউলে নৌযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

১০.৩.২ দরপত্র প্রাপ্তির পর মালিকানা দপ্তরের দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষান্তে সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

১০.৩.৩ অকেজো ঘোষিত নৌযান/হালবডি/ইঞ্জিন সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকানা দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

## ১১। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ঃ

### ১১.১। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী ঃ

১১.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে মালিকানা দপ্তর নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করিবে।

১১.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে অথবা ব্যবহারের অনুপযোগী হইলে সেইমর্মে প্রতিবেদন প্রদান করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিবে।

১১.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর মালিকানা দপ্তর প্রয়োজনীয় কাগজপত্রসহ উহা স্বীয় মন্ত্রণালয়/বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

১১.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলিয়া ঘোষণা করিবে সে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে মালিকানা দপ্তর উপরের ১১.১.১, ১১.১.২, ১১.১.৩-এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করিয়া সরাসরি পরবর্তী ১১.৩.১ থেকে ১১.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবে।

### ১১.২। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক ঃ

১১.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাইতেছে এমন সব কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপতি যাহা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হইয়া পড়িয়াছে।

১১.২.২ যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রহিয়াছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুণ যাহার উৎপাদন ও সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১১.২.৩ মেরামত করিয়া এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করিয়া একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হইবে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১.২.৫ হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করিতেছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হইতেছে না এইরূপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১.২.৬ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর=ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হইয়াছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমিয়া গিয়াছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১.৩। <u>অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রাপাতি নিস্পত্তি প্রক্রিয়া ঃ</u>

১.৩.১ মালিকানা দপ্তর অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করিবে।

১.৩.২ যদি উহা প্রদর্শনযোগ্য হয় তাহা হইলে প্রদর্শনের নিমিত্তে তাহা কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাইবে। এই ধরণের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি মালিকানা দপ্তর সংরক্ষণ করিবে।

১.৩.৩ দেশের কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাইবে। এই ধরণের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি মালিকানা দপ্তর সংরক্ষণ করিবে।

১.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকানা দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

১.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হইতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নাই তবে মালিকানা দপ্তর এইরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করিতে পারিবে।

## ২। <u>অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ঃ</u>

অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন–টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্তে ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে (পরিশিষ্ট-ঘ) প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করিবে। সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর তাহাদের ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য অভিজ্ঞ কর্মকর্তা/প্রকৌশলী নিয়া কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করিবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করিয়া এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করিবে যাহাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও ধার্য্য থাকিবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধান অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করতঃ সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক নিস্পত্তি করিবে।

ব্যবহারকারী দপ্তর যদি অকেজো ঘোষিত যন্ত্রপাতির মালিকানা দপ্তর না হয় তবে মালিকানা দপ্তরের মতামতের ভিত্তিতে তাহা নিস্পত্তি করিবে।

পরিশিষ্ট ক-১

**মোটরযান অকেজো ঘোষণাকল্পে মালিকানা দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী।**

১। (ক) রেজি নং ....................তারিখ.................(খ) নির্মাতা ..............................

(গ) গাড়ির ধরণ ........................................... (ঘ) প্রস্তুতকাল..............................

(ঙ) চেসিস নং ........................................... মডেল ..............................

(চ) ইঞ্জিন নং........................................... মডেল ..............................

(ছ) ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল ........................(জ) সিলিণ্ডারের সংখ্যা..............................

(ঝ) কিলোমিটার প্রতি লিটারে.............................................................................

২। (ক) মোট কতদিন বিকল আছে ..............................................................................

(খ) বৈকল্যের কারণসমূহ ঃ

(১) ..............................................................................

(২) ..............................................................................

(৩) ..............................................................................

(৪) ..............................................................................

(৫) ..............................................................................

(৬) ..............................................................................

(৭) ..............................................................................

(৮) ..............................................................................

(৯) ..............................................................................

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে ঃ ..............................

..............................

..............................

..............................

(খ) মোটরযান নিয়ন্ত্রণকারী ঃ

নাম ও পদবী ..............................

অফিস ..............................

ঠিকানা ..............................

টেলিফোন নং ..............................

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ ........................................................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং-এর তারিখ ও মেরামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণ ঃ ................................................................................................................

................................................................................................................

৬। মোটরযান মোট কত কিঃ মিঃ চলিয়াছে................................................................................

(ক) নতুন অবস্থায় কত কিঃ মিঃ চলিয়াছে.......................................................................

(খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং-এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ........................................

মেরামত খরচ.................................................টাকা

(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং-এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ........................................

মেরামত খরচ.................................................টাকা

(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং-এর পর কত কিঃ মিঃ চলিয়াছে ........................................

মেরামত খরচ.................................................টাকা

(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ................................................ টাকা

(চ) ক্রয়-এর তারিখ হইতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ....................টাকা

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য ..................................................................

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি ?......................................

৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হইতে পারে.............................................টাকা।

ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ......................................................

১০। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি ..............................................................................

(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যাইতে পারে) ........................................................................

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর স্বাক্ষরং ও পদবী | সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর | অফিস প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর (নাম, পদবী ও সীল) |

পরিশিষ্ট ক-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

পরিদর্শনের তারিখ ঃ ..................

বিষয় ঃ সরকারী মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।

রেজিষ্ট্রেশন নং.......................... তৈরীর সন .............. গাড়ীর ধরণ ..................

মোটরযান চালকের নাম ................................................... চেসিস নং ..................

ইঞ্জিন নং-..................... ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল, সিলিণ্ডারের সংখ্যা ..................

বিকল/চালু, প্রতি লিটারে কত কিঃ মিঃ...............................................................

১। পর্যবেক্ষণ ঃ

.....................................................................................................

.....................................................................................................

.....................................................................................................

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | কুলিং সিষ্টেম ঃ | | | |
| | রেডিয়েটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | ফুয়েল সিষ্টেম ঃ | | | |
| | ফুয়েল ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্বোরেটর/এফ. আই: পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইনজেকটার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.৫ | ইলেক্ট্রিক্যাল সিস্টেম ঃ | | | |
| | ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সেল্ফ ষ্টার্টার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | অলটারনেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টেইল ও স্টপ ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | ইগনিশান সিষ্টেম : | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ, টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | ক্লাচ সিস্টেম ঃ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৮ | ষ্টিয়ারিং সিস্টেম ঃ | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.৯ | ট্রান্সমিশন সিষ্টেম ঃ | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | সাসপেনশন সিষ্টেমঃ | | | |
| | ইণ্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | চেসিস ফ্রেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | বিবিধ ঃ | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | সম্পূর্ণ/অসম্পূর্ণ | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইণ্ডশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | সঠিক আছে/নাই/নষ্ট | | |
| | | মোট আনুমানিক মূল্য ঃ | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য ঃ ..........................................................................

৩। মেরামত করিতে খরচের পরিমাণ ঃ ..........................................................................

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য ঃ..........................................................................

৫। পরিদর্শকের মতামত ঃ

**পরিদর্শকের স্বাক্ষর ও সীল।**

**সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ**

**(স্বাক্ষর ও অফিস সীল)।**

পরিশিষ্ট খ

## সরকারী নৌযান অকেজো ঘোষণার জন্য মালিকানা দপ্তর কর্তৃক

## সরবরাহযোগ্য তথ্যবিবরণী

১। নৌযানের হালবডির বিস্তারিত বিবরণ ঃ

(ক) নৌযানের নাম ঃ

(খ) প্রিন্সিপ্যাল ডায়ম্যানশন ঃ

(গ) সংগ্রহের তারিখ ও ক্রয়মূল্য ঃ

(ঘ) বডিখানা যে ম্যাটোরিয়ালস এর তৈরী ঃ

(ঙ) কত দিন যাবত অচল অবস্থায় আছে ঃ

(চ) এ পর্যন্ত নৌযানটির সর্বমোট মেরামত ব্যয় (ইঞ্জিন ব্যতীত) ঃ

(ছ) হাল বডিখানার বর্তমান অবস্থান ও অবস্থা ঃ

(জ) অকেজো ঘোষণার কারণ ঃ

২। নৌযানের ইঞ্জিনের বিস্তারিত বিবরণ ঃ

(ক) ইঞ্জিনের নাম ও ক্রমিক নং ঃ

(খ) ইঞ্জিনের মেইক, মডেল, অশ্বশক্তি ঃ

(গ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় ঃ

(ঘ) কত দিন যাবত অচল অবস্থায় আছে ঃ

(ঙ) এ পর্যন্ত সর্বমোট কত ঘন্টা রানিং করিয়াছে (লগবই অনুযায়ী) ঃ

(চ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় ঃ

(ছ) অকেজো ঘোষণার কারণ ঃ

৩। নৌযানের জেনারেটর সম্পর্কে বিস্তারিত বিবরণ ঃ

(ক) ইঞ্জিনের নাম, মেইক ও মডেল ঃ

(খ) বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ঃ

(গ) কতদিন যাবত অচল অবস্থায় আছে ঃ

(ঘ) অকেজো ঘোষণার কারণ ঃ

| | |
|---|---|
| তথ্যবিবরণী প্রস্তুতকারীর<br>স্বাক্ষর ও সীল | প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার<br>স্বাক্ষর ও সীল |

পরিশিষ্ট খ-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক নৌ-এর কার্য্যালয়
সরকারী যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংকরোড, ঢাকা

সরকারী নৌযান অকেজো ঘোষণার জন্য কারিগরি প্রতিবেদন ঃ

পরিদর্শনের তারিখ .................

নৌযানের নাম ঃ নৌযানটি তৈরী ও সংগ্রহের তারিখ ঃ .........................

র্তমান অবস্থান ঃ রেজিস্ট্রেশন নাম্বার ও তারিখ ঃ ...................

ম্পূর্ণ নৌযানটির (ইঞ্জিনসহ ক্রয়মূল্য) ঃ

। হালবডি অংশ ঃ

(ক) প্রিন্সিপ্যাল ডায়মেনশন যথা—দৈর্ঘ্য............., প্রস্থ..............., গভীরতা.............

(খ) হালবডির অবকাঠামো যে ম্যাটেরিয়াল দ্বারা তৈরী ঃ

(গ) কত দিন যাবত অচল অবস্থায় আছে ঃ

(ঘ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় ঃ

। হালবডির জন্য প্রযোজ্য ঃ

(ক) নৌযানের হালবডি থেকে প্রাপ্ত স্ক্র্যাপ মালামালের পরিমাণ এবং আনুমানিক সংরক্ষিত মূল্য (বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে) ঃ

(খ) হুইলহাউজ সুপারষ্ট্রাকচার, হালবডি হইতে প্রাপ্ত মালামাল, যন্ত্রপাতির স্ক্র্যাপ হিসাবে আনুমানিক বাজার মূল্য (বিস্তারিত আলাদা কাগজে সংযোজন করিতে হইবে) ঃ

। হালবডির সর্বমোট সংরক্ষিত মূল্য ঃ (ক+খ) ঃ...................................

। ইঞ্জিন অংশ ঃ

(ক) ইঞ্জিনের নাম, ব্রান্ড, ক্রমিক নং ঃ

(খ) ইঞ্জিনের মেইক, মডেল ও অশ্বশক্তি ঃ

(গ) ইঞ্জিনের সিলিণ্ডার সংখ্যা ঃ

(ঘ) ইঞ্জিনের জ্বালানী খরচ প্রতি ঘন্টায় ঃ
- নতুন অবস্থায় ঃ
- বর্তমান অবস্থায় ঃ

(ঙ) এ পর্যন্ত সর্বমোট কত ঘন্টা রানিং করিয়াছে ঃ

(চ) ক্রয় সাল ও ক্রয়মূল্য ঃ

(ছ) এ পর্যন্ত সর্বমোট মেরামত ব্যয় ঃ

৫। ইঞ্জিনের জন্য প্রযোজ্য ঃ

| ক্রমিক নং। | ইউনিট/যন্ত্রাংশের নাম | বর্তমান অবস্থা | আনুমানিক বাজার মূল্য। |
|---|---|---|---|
| ৫.১ | ইঞ্জিন বডি সিস্টেম ঃ | | |
| | ইঞ্জিন এসেম্বলি সিষ্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | সিলিন্ডার হেড ও কীট সিলিন্ডার | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | পাওয়ার কীট্স | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | সিলিণ্ডার ব্লোক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.২ | ফুয়েল সিষ্টেম ঃ | | |
| | ইনজেক্টরনোজেল/স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | এ, সি, পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হাইপ্রেশার ফুয়েলপাম্প/কার্বোরেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | ফুয়েল সার্ভিস ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.৩ | কুলিং সিষ্টেম ঃ | | |
| | কুলিং ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | কুলিং ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হিট এক্সেচেঞ্জার | | |
| ৫.৪ | প্রপালশন সিষ্টেম ঃ | | |
| | গিয়ার বক্স/গিয়ার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | প্রপেলার | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | স্টীয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| ৫.৫ | স্টার্টিং সিস্টেম ঃ | | |
| | সেলফ ষ্টার্টার/ষ্টার্টার এসেম্বলি | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | চার্জিং ডায়নামো/সিডিআই ইউনিট ও পাওয়ার প্যাক | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | কাট-আউট/ইগনেশন কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | হেভিডিউটি ব্যাটারী/ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | মিটার বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | |
| | | মোট আনুমানিক মূল্য ঃ | |

৬। অক্সিলারি জেনারেটর ঃ ঃ কার্যোপযোগী/অকেজো/নাই

মেইক, মডেল, অশ্বশক্তি

সিলিন্ডার সংখ্যা, বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা

৭। ইঞ্জিনের সর্বমোট সংরক্ষিত মূল্য (৫+৬) ঃ ..................................................

৮। নৌযানটির (হালবডি+ইঞ্জিন) সর্বমোট

সংরক্ষিত মূল্য (৩+৭) ঃ ...............................................................

৯। (ক) নৌযান/হালবডি/ইঞ্জিন মেরামত করতঃ সচল

ও ব্যবহার উপযোগী করিতে খরচ পড়িবে ঃ

(খ) এই খরচ নতুন নৌযান/হালবডি/ইঞ্জিন-এর

বর্তমান বাজার মূল্যের শতকরা.................ভাগ।

১০। অকেজো ঘোষণার পক্ষে কারিগরি যুক্তি (প্রয়োজনে আলাদা সীট ব্যবহার করা যাবে) ঃ

১১। পরিদর্শনকারী কর্মকর্তার মতামত ঃ

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার

স্বাক্ষর ও সীল।

প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার

স্বাক্ষর ও সীল।

## অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

### অংশ-'ক'

(মালিকানা দপ্তর পূরণ করিবে)

প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাইবে।

দপ্তর......................মন্ত্রণালয়/বিভাগ........................প্রতিবেদনের তারিখঃ ...............

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক,<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণারেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর

তারিখ ঃ

দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

(নাম, পদবী ও সীল)

## অংশ-'খ'

**(বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবহারের জন্য)**

বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি (কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া) নীচের অংশ পূরণ করিয়া স্বাক্ষর করিবেন ঃ

১। সাধারণ পর্যবেক্ষণ ঃ

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ ঃ

৩। সংরক্ষিত মূল্য ঃ

৪। মন্তব্য ঃ

কারিগরি প্রতিনিধির স্বাক্ষর।

নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর।

নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ

পরিশিষ্ট-ঘ

দপ্তরের নাম ও ঠিকানা

## অচল/অকেজো ঘোষণাযোগ্য টাইপরাইটার, ডুপ্লিকেটিং মেশিন, ফটোকপিয়ার, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার ইত্যাদি যন্ত্রাদির তথ্য বিবরণী ঃ

প্রতিবেদনের তারিখ ঃ........................................

১। মেশিনের নাম ঃ

২। (ক) মেশিনের নম্বর ঃ
(খ) মডেল নম্বর ঃ

৩। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে ? ঃ

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ ঃ
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করিতে হইবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ

৭। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি ঃ

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল।

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য (বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করিতে হইবে)। ঃ

সদস্য
কারিগরি কমিটি।

সদস্য
কারিগরি কমিটি।

সভাপতি/আহ্বায়ক
কারিগরি কমিটি।

৯। অফিস প্রধানের মতামত ঃ

অফিস প্রধানের
স্বাক্ষর ও সীলমোহর।